UG BN S2 01 (AEC 203)

চাৰি বছৰীয়া স্নাতক পাঠ্যক্ৰম

(চি.বি.চি.এচ.; এন.ই.পি-২০২০ অনুসৰি)

নির্বাচিত বাংলা সাহিত্য, ব্যাকরণ ও রচনা

দ্বিতীয় ষাণ্মাসিক

সক্ষমতা বিকাশ পাঠ্যবিষয়

আধুনিক ভারতীয় ভাষা (বাংলা)

পদ্মনাথ গোহাঞিবৰুৱা মানৱিকী বিদ্যা অধ্যয়ন সত্র

কৃষ্ণকান্ত সন্দিকৈ ৰাজ্যিক মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয় বিশেষজ্ঞ মণ্ডলী

ড° **উষারঞ্জন ভট্টাচার্য**, প্রাক্তন প্রধান, বাংলা বিভাগ, গৌহাটি বিশ্ববিদ্যালয়

ড° **জ্যোতির্ময় সেনগুপ্ত**, প্রধান, বাংলা বিভাগ, প্রাগজ্যোতিষ মহাবিদ্যালয়

সমন্বয় রক্ষক ঃ ড° মৃণাল জ্যোতি গোস্বামী, সহকাৰী অধ্যাপক, কৃষ্ণকান্ত সন্দিকৈ ৰাজ্যিক মুক্ত বিশ্ববিদ্যালয়

প্রস্তুতি গোটৰ সদস্য

অধ্যায়	অধ্যায়ৰ নাম	লেখক
১	কবিতা — ১	ড° জ্যোতির্ময় সেনগুপ্ত, প্রাগজ্যোতিষ মহাবিদ্যালয়
২	কবিতা — ২	সুরজিৎ সাহা, প্রাগজ্যোতিষ মহাবিদ্যালয়
৩	উপন্যাস - *কপালকুণ্ডলা* — ১	ড° প্রশান্ত চক্রৱর্তী, কটন মহাবিদ্যালয়
৪	উপন্যাস - *কপালকুণ্ডলা* — ২	ড° প্রশান্ত চক্রৱর্তী, কটন মহাবিদ্যালয়
৫	বনফুল — জাগ্রত দেবতা	শ্রী অভিজিৎ চক্রৱর্তী, টংলা মহাবিদ্যালয়
৬	সাজাহান — ১	রত্নদীপ পুরকায়স্থ,গুৱাহাটী
৭	সাজাহান — ২	রত্নদীপ পুরকায়স্থ,গুৱাহাটী
৮	*জীবনস্মৃতি* — ১	দীপ্তি সাহা, প্রাগজ্যোতিষ মহাবিদ্যালয়
৯	*জীবনস্মৃতি* — ২	দীপ্তি সাহা, প্রাগজ্যোতিষ মহাবিদ্যালয়
১০	বাংলা ব্যাকরণ	ড° জ্যোতির্ময় সেনগুপ্ত, প্রাগজ্যোতিষ মহাবিদ্যালয়
১১	সংবাদ, অনুচ্ছেদ ও সারাংশ রচনা	ড° জ্যোতির্ময় সেনগুপ্ত, প্রাগজ্যোতিষ মহাবিদ্যালয়

সম্পাদনা

বিষয়বস্তু ও ভাষা-সম্পাদনা ঃ ড° **উষারঞ্জন ভট্টাচার্য**, প্রাক্তন প্রধান, বাংলা বিভাগ, গৌহাটি বিশ্ববিদ্যালয়

ড° **জ্যোতির্ময় সেনগুপ্ত**, প্রধান, বাংলা বিভাগ, প্রাগজ্যোতিষ মহাবিদ্যালয়

গ্রন্থনবিষয়ে সম্পাদনা ঃ ড° মৃণাল জ্যোতি গোস্বামী, সহকাৰী অধ্যাপক, কৃষ্ণকান্ত সন্দিকৈ ৰাজ্যিক মুক্ত বিশ্ববিদ্যালয়

মার্চ, ২০২৩

This Self Learning Material (SLM) of the Krishna Kanta Handiqui State Open University is made available under a Creative Commons Attribution-Non Commercial-Share Alike 4.0 License (international) http://creativecommons.org/licenses/by-nc-sa/4.0/

ISBN: xxxxx xxxxxx xxxxxx

কৃষ্ণকান্ত সন্দিকৈ রাজ্যিক মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষে পঞ্জীয়কের দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।

মুখ্য কার্যালয় ঃপাটগাঁও, রানী গেট, গুয়াহাটি - ৭৮১ ০১৭

নগৰ চৌহদ ঃ ৰাষ্ট্রীয় ঘাইপথ-৩৭, ৰেচম নগৰ, খানাপারা, গুয়াহাটি - ৭৮১০২২; www.kkhsou.in

বিষয়সূচী

		পৃষ্ঠা নং
অধ্যায় ১ ঃ	**কবিতা — ১** নবদ্বীপ — বৃন্দাবন দাস ঃ কবি-পরিচয়, সারসংক্ষেপ, কবিতার বিশ্লেষণ, শব্দার্থ; রুপাই — জসিমউদ্‌দীন ঃ কবি-পরিচয়, সারসংক্ষেপ, কবিতার বিশ্লেষণ, শব্দার্থ	৭-১৯
অধ্যায় ঃ	**কবিতা — ২** পুরাতন ভৃত্য — রবীন্দ্রনাথ ঠাকুর ঃ কবিতার সার-সংক্ষেপ, কবিতার বিশ্লেষণ, শব্দার্থ	২০-২৮
অধ্যায় ৩ ঃ	**উপন্যাস - *কপালকুণ্ডলা* — ১** ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র ঃ বঙ্কিমচন্দ্রের জীবনকথা, উপন্যাস-পরিচয়; কাহিনিসার	২৯-৩৭
অধ্যায় ৪ ঃ	**উপন্যাস - *কপালকুণ্ডলা* — ২** চরিত্র-বিচার ঃ নবকুমার, কপালকুণ্ডলা, মতিবিবি বা লুৎফউন্নিসা, কাপালিক; অলৌকিকতা	৩৮-৫৪
অধ্যায় ৫ ঃ	**বনফুল — জাগ্রত দেবতা** বনফুলের জীবন ও সাহিত্য; জাগ্রত দেবতা ঃ গল্পের সার সংক্ষেপ, গল্প-বিশ্লেষণ	৫৫-৭৫
অধ্যায় ৬ ঃ	**সাজাহান — ১** নাট্যকারের পরিচিতি ও ইতিহাসের কাহিনি; ঐতিহাসিক নাটক হিসাবে ‘সাজাহান’; ‘সাজাহান’ নাটকের নায়ক বিচার ও নামকরণ; ‘সাজাহান’নাটকের সংগীত ও সংলাপ	৭৬-৮৭
অধ্যায় ৭ ঃ	**সাজাহান — ২** সাজাহান নাটকের চরিত্র-বিচার ঃ মুখ্য চরিত্র, গৌণ চরিত্র	৮৮-১০২
অধ্যায় ৮ ঃ	***জীবনস্মৃতি* — ১** গ্রন্থকার ও গ্রন্থ পরিচয়; *জীবনস্মৃতি* ঃ সাধারণ আলোচনা; ঘর ও বাহির — মূল পাঠ ঃ পাঠ বিশ্লেষণ; ভৃত্যরাজক তন্ত্র —মূলপাঠ ঃ পাঠ বিশ্লেষণ; নানা বিদ্যার আয়োজন— মূলপাঠ ঃ পাঠ বিশ্লেষণ	১০৩-১২৫
অধ্যায় ৯ ঃ	***জীবনস্মৃতি* — ২** ভানুসিংহের কবিতা — মুলপাঠ ঃ পাঠ বিশ্লেষণ; স্বাদেশিকতা — মূল পাঠ ঃ পাঠ বিশ্লেষণ; মৃত্যুশোক — মূল পাঠ ঃ পাঠ বিশ্লেষণ	১২৬-১৪২
অধ্যায় ১০ ঃ	**বাংলা ব্যাকরণ** শব্দ, পদ, বাক্য ঃ পদ পরিবর্তন; বাগ্‌ধারা বা বিশিষ্টার্থক বাক্যাংশ; বাংলা বানান ঃ বানান রীতি, অশুদ্ধ বানান ও তার সংশোধিত রূপ; শব্দভাণ্ডার ঃ শ্রেণিবিভাগ, মৌলিক শব্দ, আগন্তুক শব্দ; সমার্থক ও বিপরীতার্থক শব্দ ঃ সমার্থক শব্দ, বিপরীতার্থক শব্দ	১৪৩-১৬৩
অধ্যায় ১১ ঃ	**সংবাদ, অনুচ্ছেদ ও সারাংশ রচনা** রচনার নানা প্রকারভেদ; সংবাদ রচনা; অনুচ্ছেদ রচনা	১৬৪-১৭৫
প্রসঙ্গ পুস্তক		১৭৬

পাঠ-পরিচিতি ঃ নির্বাচিত বাংলা সাহিত্য, ব্যাকরণ ও রচনা

কৃষ্ণকান্ত সন্দিকৈ রাজ্যিক মুক্ত বিশ্ববিদ্যালয় চার বছরের স্নাতক কোর্স অফার করবে (CBCS, NEP-2020 অনুযায়ী)। এই স্নাতক কোর্সের অন্যান্য বিষয়গুলির মধ্যে প্রথম চারটি সেমিস্টারে সক্ষমতা বৃদ্ধি কোর্স (Ability Enhancement Courses) হিসাবে শিক্ষার্থীদের চারটি বিষয় অধ্যয়ন করতে হবে। তদনুসারে, দ্বিতীয় সেমিস্টারে আধুনিক ভারতীয় ভাষার পাঠ্যক্রম দেওয়া হৈছে। বাংলা হল আধুনিক ভাৰতীয় ভাষাগুলির মধ্যে একটি। 'নির্বাচিত বাংলা সাহিত্য, ব্যাকরণ ও রচনা' শীর্ষক পাঠ্যবিষয়ে অন্তর্ভুক্ত আছে চৌধ্যটি অধ্যায়। এই অধ্যায়গুলোতে কবিতা, উপন্যাস, ছোটোগল্প, নাটক, জীবনচরিত, ব্যাকরণ ও সংবাদ, অনুচ্ছেদ রচনা ইত্যাদি বিষয়গুলো সন্নিবিষ্ট হয়েছে। উপন্যাস ও নাটকের মূল পাঠ এখানে দেওয়া সম্ভব নয়। তাই *কপালকুণ্ডলা* ও *সাজাহান* গ্রন্থদুটি আপানাদের ব্যক্তিগতভাবে সংগ্রহ করে নিতে হবে।

কবিতা অংশ দুটি অধ্যায়ে বিভাজিত এবং এখানে মধ্যযুগীয় বাংলা কবিতার সঙ্গে উনিশ ও বিশ শতকের মোট ছয়টি প্রতিনিধিস্থানীয় কবিতা অন্তর্ভুক্ত হয়েছে। মাত্র কয়েকটি কবিতা দিয়ে বাংলা কবিতার ধারাকে বোঝানো যায় না। তবু বিষয়ের বিভিন্নতা, প্রকাশভঙ্গির অনন্যতা যুগে যুগে বাংলা কবিতায় কীভাবে প্রকাশ কেরেছে, এই নির্বাচিত কবিতাগুলোতে তার আভাস পাওয়া যাবে।

'উপন্যাস' অংশে বঙ্কিমচন্দ্র চটোপাধ্যায়ের *কপালকুণ্ডলা* পাঠ্যবিষয় বলে বিবেচিত হয়েছে। বঙ্কিমচন্দ্রের আগেই বাংলা উপন্যাস রচনা শুরু হলেও তিনিই বাংলা সাহিত্যের প্রথম যথার্থ ঔপন্যাসিক। তাই তাঁর উপন্যাসকেই আমাদের বর্তমান পাঠক্রমের উপযুক্ত বলে মনে হয়েছে। তাছাড়া এই উপন্যাসটির অভিনবত্বও অনুপম। সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্রের কপালকুণ্ডলা উপন্যাসটি ইতিহাস-রোমান্স-অতিপ্রাকৃতের সমন্বয়ে বাংলা সাহিত্যের এক উজ্জ্বল সৃষ্টি। বহুচর্চিত এই উপন্যাসে বাংলার সমাজজীবনের একটি ছবিও খুব সুন্দরভাবে ফুটে উঠেছে। তিনি উপন্যাস রচনা করতে গিয়ে পাঠকের আগ্রহ সৃষ্টির জন্য গল্প রসের দিকে নজর দিয়েছিলেন। তাই তিনি রোমান্সের ফ্রেমটিই বেছে নিয়েছিলেন এবং সেই অনুযায়ী শিল্প-আদর্শকে রূপ দিতে পেরেছিলেন। 'পথিক, তুমি কি পথ হারাইয়াছ?' -- রহস্যময়ী নারী কপালকুণ্ডলার এই উক্তি আজও বহু আলোচকের মনে নানা ভাবনার জন্ম দিচ্ছে।

বাংলা ছোটগল্পের অন্যতম শিল্পী বনফুল বা বলাইচাঁদ মুখোপাধ্যায়। বিচিত্র জীবনরসে সমৃদ্ধ তাঁর গল্প বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ। বাংলা ছোটগল্পের এক বিশেষ পর্যায়ের তিনি উজ্জ্বল নক্ষত্র। তাঁকে বিশদভাবে জানার জন্য *বনফুলের শ্রেষ্ঠ গল্প* বইটি থেকে এটি গল্প নির্বাচন করা হয়েছে।

'নাটক' অংশে আধুনিক বাংলা সাহিত্যের বিশিষ্ট নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের *সাজাহান* নাটকটি সন্নিবিষ্ট হয়েছে। দ্বিজেন্দ্রলালের এই নাটকটি বাংলা ঐতিহাসিক নাটকেয় ধারার এক উজ্জ্বল সম্পদ। ঐতিহাসিক নাটকের উপযোগী পরিবেশ-সৃজন, প্রাণবান সংলাপের প্রয়োগ ইত্যাদি সবই *সাজাহান* নাটকে উজ্জ্বলভাবে প্রতিভাগত।

এই পত্রে রবীন্দ্রনাথের *জীবনস্মৃতি* থেকে কয়েকটি অংশ সন্নিবিষ্ট হয়েছে। 'স্মৃতিকথা' সাহিত্যের একটি অন্যতম ধারা। রবীন্দ্রনাথেয় *জীবনস্মৃতি* এই ধারার অভিনব সংযোজন। রবীন্দ্র-জীবনের একটি বিশেষ পার্বের ছবি এখানে ধরা পড়েছে। স্মিত হাস্যে নিরাসক্তভাবে রবীন্দ্রনাথ তাঁর বাল্যজীবন কথাকে এখানে তুলে ধারছেন। দেশকাল তথা রবীন্দ্র সাহিত্যের প্রেক্ষাপট জানতে এই স্মৃতিকথার অংশটি সহায়ক হবে।

সাহিত্যচর্চায় পাশাপাশি ব্যাকরণচর্চাও জরুরি। ব্যাকরণ আমাদের ভাষায় সংগঠনকে বুঝতে সাহায্য করে। বাংলা ব্যাকরণ থেকে কয়েকটি বিষয় বর্তমান সংকলনের অন্তর্ভুক্ত করা হয়েছে, ভাষাচর্চায় প্রয়োজনীয়তা উপলব্ধি করে।

নিজের ভাবনাগুলোকে যথাযথাভাবে প্রকাশ করাই শিক্ষার মূল উদ্দেশ্য হওয়া উচিত। বর্তমান শিক্ষাপদ্ধতিতে তাই নিজেকে প্রকাশের উপায় হিসেবে কিছু পদ্ধতি সম্পর্কে জ্ঞান অর্জনের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। সে জন্য বর্তমান সংকলনে অনুচ্ছেদ ও সংবাদ রচনাকে পাঠের অন্তর্ভুক্ত করা হয়েছে। এখানে রচনায় পদ্ধতিগত দিকটায় জোর দেওয়া হয়েছে। এগুলোয় গঠন সম্পর্কে বর্তমান আলোচনা আমাদের সচেতন করতে।

পাঠ্যবিষয়ের আলোচনা পাঠের সময় ডানদিকে বা বাঁ-দিকে কয়েকটি চতুষ্কোণক্ষেত্র চোখে পড়বে। এসবের মধ্যে মূল পাঠের অন্তর্গত অল্পপরিচিত শব্দ ও পরিভাষাসমূহের অর্থ, টীকা ইত্যাদি দেখতে পাবেন। 'আসুন, জেনে নিই' শীর্ষক ক্ষেত্রগুলিতে মূল পাঠের সঙ্গে জড়িত কিছু গুরুত্বপূর্ণ তথ্যেরও ইঙ্গিত পাওয়া যাবে। প্রত্যেক অধ্যায়ের সঙ্গে যুক্ত 'আপনাদের করণীয়' অংশ নিজেদের অধ্যয়নে আরও সক্রিয় করে তুলবে এবং এর থেকে যথেষ্ট সুফল পাওয়া যাবে। তদুপরি, 'অগ্রগতি-নির্ধারক প্রশ্ন'-এর অনুশীলনের মাধ্যমে আপনারা নিজেই নিজের জ্ঞানের বিচার করতে পারবেন। অধ্যায়গুলির আলোচনা পাঠের সময় প্রশ্নসমূহের উত্তর আলাদাভাবে লিখে নিয়ে খণ্ডের শেষে সন্নিবিষ্ট 'অগ্রগতি-নির্ধারক উত্তর'এর সঙ্গে মিলিয়ে নিলে ভালো হয়। অধ্যায়টিতে আলোচিত বিভিন্ন ধারণাগুলির বিষয়ে অধিক জ্ঞানের জন্য 'অতিরিক্ত পঠন' শীর্ষক উল্লেখিত বইগুলি পথপ্রদর্শকের কাজ করবে। প্রতিটি অধ্যায়ের শেষে বার্ষিক পরীক্ষার জন্য সম্ভাব্য প্রশ্নাবলির কিছু নমুনা সংযুক্ত হয়েছে।